



দেশের অগ্রগতিতে নারীদের বাদ দিলে উন্নয়ন অসম্পূর্ণ: সেনাপ্রধান



সংগৃহীত ছবি

দেশের মোট জনসংখ্যার বড় অংশ নারী—তাদের বাইরে রেখে উন্নয়নের পরিকল্পনা করা কখনোই সঠিক পথ হতে পারে না বলে মন্তব্য করেছেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান।

শুক্রবার (১৪ নভেম্বর) সকালে জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজের পুনর্মিলনী অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে তিনি নারীর ক্ষমতায়ন ও দক্ষতা বৃদ্ধির গুরুত্ব তুলে ধরেন। সেনাপ্রধান বলেন, “জাতীয় উন্নয়নকে ত্বরান্বিত করতে হলে নারীদের দক্ষ, আত্মবিশ্বাসী ও যোগ্য করে গড়ে তুলতেই হবে।”

প্রাক্তন ক্যাডেটদের উদ্দেশে তিনি আরও বলেন, ভালো মানুষ হিসেবে গড়ে ওঠাই সবচেয়ে জরুরি। নীতি-নৈতিকতা ধরে রেখে দেশ ও সমাজের জন্য কাজ করার আহ্বান জানান তিনি। অনুষ্ঠানে প্রাক্তন ক্যাডেট, কলেজ কর্তৃপক্ষ ও প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

LENS ASIA